



বিদ্যুৎ সংকট থাকবেই



রিপোর্ট সাইফুল হাসান ছবি: আনোয়ার মজুমদার

পৃথিবী এখন ফুটবল জুরে আক্রান্ত। কিন্তু বাংলাদেশের ফুটবলপ্রেমীরা বিশ্বকাপ ফুটবল নির্বিঘ্নে দেখতে পারবেন কি-না তা নিয়ে যথেষ্ট সন্দেহ আছে। কারণ বিদ্যুৎ। গত কয়েকদিনে সারাদেশে প্রচণ্ড দাবদাহে আর ঘন ঘন লোডশেডিংয়ে মানুষ বিপর্যস্ত। এ অবস্থায় বিদ্যুৎ মন্ত্রী, ডেসা, পিডিবি কর্মকর্তারা বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক করতে চেষ্টা করে যাওয়ার কথা বলেছেন। কিন্তু বিদ্যুৎ সমস্যার স্থায়ী সমাধানের কথা বলছেন না। এমনকি এ কথাও বলছেন না যে, আদৌ বিদ্যুৎ সমস্যার সমাধান সম্ভব কি-না? যদিও বিদ্যুৎ প্রতিমন্ত্রী মিডিয়ার কাছে বলেছেন যে, সময় লাগবে। কিন্তু কত সময় লাগবে সেটি বলেননি। বাস্তবতা হচ্ছে, বাংলাদেশের বিদ্যুৎ খাতের যে অবস্থা তাতে মন্ত্রী কেন- যে কারো পক্ষেই এটা নিয়ে আশাবাদ ব্যক্ত করা কঠিন।

পিডিবির এখন তখন

সারাদেশে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার দায়িত্ব বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বা পিডিবি'র। '৮০ সালে বাংলাদেশের মোট বিদ্যুৎ চাহিদা ছিল ৪৬১.৯১ মেগাওয়াট। ১৯৯০ সালে এই চাহিদা বেড়ে দাঁড়ায় ১৫০৯ মেগাওয়াটে। অর্থাৎ দশ বছরের ব্যবধানে চাহিদা বেড়ে দাঁড়ায় ৪ গুণেরও বেশি। এই চাহিদা ২০০০ সালে এসে দাঁড়ায় ২৬৫০ মেগাওয়াটে। বিগত দুই দশকে অতিরিক্ত বিদ্যুৎ চাহিদা বেড়েছে ২০০০ মেগাওয়াটেরও বেশি। বর্তমানে শুধুমাত্র ঢাকা শহরের চাহিদা প্রায় ১৪৮' মেগাওয়াট। ঢাকা শহরে যে হারে লোকসংখ্যা, মাল্টিস্টোরেড বিল্ডিং ও অবকাঠামোগত উন্নয়ন চলছে তাতে আগামী ৫/৭ বছরের মধ্যে শুধুমাত্র ঢাকাতেই ২০০০ মেগাওয়াটেরও বেশি বিদ্যুতের প্রয়োজন হবে। পুরো দেশের কথা না হয় বাদই দেয়া হলো। প্রশ্ন হচ্ছে ক্রমবর্ধমান হারে বেড়ে যাওয়া এই চাহিদা মিটবে কি করে? বিদ্যুৎ ব্যবস্থা অসম্ভব ব্যয়বহুল একটি প্রক্রিয়া। বিদ্যুৎ খাতে সংস্কার বাবদ প্রচুর টাকার প্রয়োজন। যে অর্থ সরকারের নেই। অর্থ না থাকলে সংস্কার কাজ হবে না। সংস্কার না হলে বিদ্যুৎ ব্যবস্থা ব্যর্থ হতে বাধ্য।

স্বাধীনতার পর গত ৩১ বছরে বিদ্যুৎ চাহিদা বাড়ার সঙ্গে সঙ্গে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পরিধি ও অবকাঠামোগত উন্নয়ন হয়েছে। তবে তা চাহিদার তুলনায় অনেক অনেক কম। সীমিত সুবিধা ও মাথাভারী প্রশাসন নিয়েও বিদ্যুৎ উন্নয়ন বোর্ড দেশের চাহিদা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন করেছে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের গত ৩০ বছরের রেকর্ডে দেখা যায় পিডিবি সবসময় চাহিদার কাছাকাছি বা চাহিদার তুলনায় সামান্য কম বিদ্যুৎ উৎপাদন করেছে। অথচ জনগণ বিদ্যুৎ ঘাটতিতে ভুগেছে। দেশের মাত্র ৩০ শতাংশ মানুষ বিদ্যুৎ সুবিধার আওতায় রয়েছে। প্রতি বছর বিদ্যুৎ চাহিদা বাড়ছে ৫ থেকে ১০ শতাংশ হারে। এই বিশাল প্রত্যাশা পিডিবি পূরণ করতে হিমশিম খাচ্ছে। কিন্তু দেশের রাজনীতিকদের প্রতিশ্রুতি আর পরিকল্পনাহীন বিদ্যুৎ নীতি পিডিবি'কে প্রতিদিনই অন্ধকারের দিকে ঠেলে দিয়েছে। বাংলাদেশে বর্তমান বিদ্যুৎ স্টেশনের সংখ্যা ১৮টি। এই স্টেশনগুলোর মোট ৫৭টি ইউনিটে বর্তমানে গড়ে প্রায় প্রতিদিন ২৬ থেকে ২৭শ' মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। বেসরকারি খাত থেকে আসছে আরও প্রায় ৬/৭শ' মেগাওয়াট